চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম।

বিজ্ঞপ্তি নম্বর: ০৩/২০২৬ তারিখ: ২৬.১০.২০২৬

কর্মচারী (১১-১৬তম গ্রেড) পদে নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/ইনস্টিটিউট/দপ্তরের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ স্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক	পদের নাম	বিভাগ/ইনস্টিটিউট/দপ্তর	পদ সংখ্যা	বেতন স্কেল চাকরি (বেতন-ভাতাদি) আদেশ, ২০২৬ অনুযায়ী
১	হার্ডওয়্যার টেকনিশিয়ান	আইসিটি সেল	০৪ (চার)টি	১৩তম গ্রেড
২	সুপারভাইজার	প্রকৌশল দপ্তর	০১ (এক)টি	১৩তম গ্রেড
৩	ফটোগ্রাফার (জুনিয়র)	রেজিস্ট্রার দপ্তর	০১ (এক)টি	১৪তম গ্রেড
৪	টেকনিশিয়ান (মিউজিং এন্ড ইনস্ট্রুমেন্ট)	নাট্যকলা বিভাগ	০১ (এক)টি	১৫তম গ্রেড
৫	তবলা বাদক	সংগীত বিভাগ	০১ (এক)টি	১৫তম গ্রেড
৬	বাঁশি বাদক	সংগীত বিভাগ	০১ (এক)টি	১৫তম গ্রেড
৭	কীবোর্ড বাদক	সংগীত বিভাগ	০১ (এক)টি	১৬তম গ্রেড
৮	ড্রাইভার	চারুকলা ইনস্টিটিটিউট	০১ (এক)টি	১৬তম গ্রেড
৯	গ্রিনহাউজ টেকনিশিয়ান	গ্রিনহাউজ, জিন প্রকৌশল ও জীব প্রযুক্তি বিভাগ	০১ (এক)টি	১৬তম গ্রেড
১০	নিম্নমান সহকারী	রেজিস্ট্রার দপ্তর	০১ (এক)টি	১৬তম গ্রেড
১১	গ্রন্থাগার সহকারী গ্রেড-২	আইন বিভাগ	০১ (এক)টি	১৬তম গ্রেড
১২	গ্রন্থাগার সহকারী গ্রেড-২	ইতিহাস বিভাগ	০১ (এক)টি	১৬তম গ্রেড
১৩	গ্রন্থাগার সহকারী গ্রেড-২	প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিজ্ঞান বিভাগ	০১ (এক)টি	১৬তম গ্রেড
১৪	কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী	ম্যানেজমেন্ট বিভাগ	০১ (এক)টি	১৬তম গ্রেড
১৫	কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী	ছাত্র-ছাত্রী পরামর্শ ও নির্দেশনা	০১ (এক)টি	১৬তম গ্রেড
১৬	ফটোকপিয়ার মেশিন অপারেটর	পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর	০১ (এক)টি	১৬তম গ্রেড
১৭	কেয়ারটেকার	অতীশ দীপংকর শ্রীজ্ঞান হল	০১ (এক)টি	১৬তম গ্রেড
১৮	ল্যাবরেটরি টেকনিশিয়ান	জিন প্রকৌশল ও জীব প্রযুক্তি বিভাগ	০১ (এক)টি	১৬তম গ্রেড
১৯	ল্যাবরেটরি টেকনিশিয়ান	ভূগোল ও পরিবেশবিদ্যা বিভাগ	০১ (এক)টি	১৬তম গ্রেড
২০	জুনিয়র ক্যাটালগার	হিসাব নিয়ামক দপ্তর	০১ (এক)টি	১৬তম গ্রেড
২১	কম্পিউটার ল্যাব. সহকারী	অর্থনীতি বিভাগ	০১ (এক)টি	১৬তম গ্রেড
২২	প্রোডাকশন সহকারী	নাট্যকলা বিভাগ	০১ (এক)টি	১৬তম গ্রেড

পদসমূহের জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

ক্রমিক-১ নং পদের জন্য প্রার্থীগণকে সকল পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগসহ এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে। প্রার্থীকে অবশ্যই ওয়ার্ড প্রসেসিং, স্প্রেড সিড ও ইন্টারনেট পরিচালনায় জ্ঞান থাকতে হবে। আইসিটি সংক্রান্ত যেকোন স্বীকৃত প্রতিষ্ঠানের ৩-৪ (তিন-চার) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার রক্ষণাবেক্ষণ এবং সাচিবিক কাজের দক্ষতা থাকতে হবে। নিয়োগপ্রাপ্তদের মাঠ পর্যায়ে কাজ করতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-২ নং পদের জন্য প্রার্থীকে ০৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন ইঞ্জিনিয়ারিং (সিভিল) পাশ হতে হবে এবং সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-৩ নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি. (বিজ্ঞান) পাশ হতে হবে। কোনো প্রথম শ্রেণির স্টুডিও/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সহকারী ফটোগ্রাফার বা ফটোগ্রাফার হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ফটোমাইক্রোগ্রাফিতে সাধারণ জ্ঞান এবং ম্যাক্রো ও ক্লোজআপ ফটোগ্রাফিতে দক্ষতাসহ স্লাইড প্রিপারেশন ও আধুনিক ক্যামেরা পরিচালনার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-৪ নং পদের জন্য প্রার্থীকে ন্যূনতম স্নাতক পাশ হতে হবে। নাটকে মিউজিক কম্পোজ করার ০২ (দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ন্যূনতম ৪-৫ টি বাদ্যযন্ত্র বাজানোর অভিজ্ঞতা থাকতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে দক্ষতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-৫ নং পদের জন্য প্রার্থীকে ন্যূনতম এইচ.এস.সি. পাশ হতে হবে। শিল্পকলা একাডেমি/শিশু একাডেমি অথবা অন্য কোনো স্বনামধন্য সংগীত প্রতিষ্ঠানে ৫ (পাঁচ) বছর তবলা সঙ্গত করার অভিজ্ঞতা থাকতে হবে। বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার এ তালিকাভুক্ত শিল্পী অথবা সংগীত বিষয়ে স্নাতক, স্নাতকোত্তর সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-৬ নং পদের জন্য প্রার্থীকে ন্যূনতম এইচ.এস.সি. পাশ হতে হবে। প্রার্থীকে অবশ্যই উচ্চাঙ্গ সংগীত সম্পর্কে ধারণা থাকতে হবে এবং কোনো স্বনামধন্য প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে ০৩ (তিন) বছর বাঁশি বাজানোর অভিজ্ঞতা থাকতে হবে। সংগীত বিষয়ে স্নাতক, স্নাতকোত্তর সম্পন্ন প্রার্থী এবং তবলা বাজানোতে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

চলমান পাতা-০২

ক্রমিক-৭ নং পদের জন্য প্রার্থীকে ন্যূনতম এইচ.এস.সি. পাশ হতে হবে। স্বনামধন্য প্রতিষ্ঠানের তত্ত্বাবধানে ০৩ (তিন) বছর কীবোর্ড বাজানোর অভিজ্ঞতা থাকতে হবে। সংগীত বিষয়ে স্নাতক, স্নাতকোত্তর সম্পন্ন প্রার্থী এবং রেকর্ডিং স্টুডিও সম্পর্কে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-৮ নং পদের জন্য প্রার্থীকে কমপক্ষে ৮ম শ্রেণি পাশ এবং ভারী/হালকা গাড়ি চালানোর লাইসেন্সধারী হতে হবে। প্রার্থীকে ভারী/হালকা গাড়ি চালানোর কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

ক্রমিক-৯ নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি./সমমান পাশ হতে এবং বৈদ্যুতিক কাজের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-১০ নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে এবং সংশ্লিষ্ট অফিসের কাজে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-১১ হতে ১৩ নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে। অফিসের কাজে ০১ (এক) বছরের অভিজ্ঞতা অথবা গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্স পাশ হতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-১৪ ও ১৫ নং পদের জন্য প্রার্থীকে কমপক্ষে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে। বাংলা ও ইংরেজিতে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৪৫ শব্দ টাইপের গতি থাকতে হবে।

ক্রমিক-১৬ নং পদের জন্য প্রার্থীগণকে দ্বিতীয় বিভাগে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে। ফটোকপিয়ার মেশিন চালানোর বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-১৭ নং পদের জন্য প্রার্থীকে কমপক্ষে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে। আবাসিক হলের তত্ত্বাবধানে এবং আসবাবপত্র রক্ষণাবেক্ষণের অভিজ্ঞতা থাকতে হবে। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-১৮ ও ১৯ নং পদের জন্য প্রার্থীকে বিজ্ঞান বিভাগ হতে ন্যূনতম ২য় শ্রেণি/জিপিএ ৩.০০ সহ এইচ.এস.সি. পাশ হতে হবে। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/স্বনামধন্য প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-২০ নং পদের জন্য প্রার্থীকে গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেট কোর্সসহ এইচ.এস.সি./সমামান পাশ হতে হবে। গ্রন্থাগারের কাজে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-২১ নং পদের জন্য প্রার্থীগণকে এইচ.এস.সি./সমমান পাশ হতে হবে। সরকার অনুমোদিত কোনো প্রতিষ্ঠান হতে কম্পিউটার হার্ডওয়্যার, সফট্ওয়্যার ও নেটওয়ার্কিং বিষয়ে কমপক্ষে ০৬ (ছয়) মাস মেয়াদী প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীগণকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

ক্রমিক-২২ নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি./সমমান হতে হবে। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ন্যূনতম ০২ (দুই) বছরের চাকুরির অভিজ্ঞতা এবং সংশ্লিষ্ট বিষয়ে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (With Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকতে হবে।

*** মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য নিয়োগের অন্যান্য শর্তাদি পূরণ সাপেক্ষে সরকারি সিদ্ধান্ত অনুসারে কোটা নির্ধারিত থাকবে।**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিস অথবা চবি ওয়েবসাইট https://cu.ac.bd/forms-downloads হতে ০১ (এক) কপি নমুনা ফরম সংগ্রহপূর্বক আগামী ২৪.১১.২০২৬ খ্রিস্টাব্দের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ৮:৩০ টা হতে দুপুর ৩:৩০ টা) বা তৎপূর্বে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে ০৬ (ছয়) কপি আবেদনপত্র পাঠাতে হবে। ০১ (এক) কপি আবেদন গ্রহণ করা হবে না।

মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে এ বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কোনো প্রতিষ্ঠানের শেষ মূল বেতন সনদ (এল.পি.সি.) গ্রহণ করা হবে না।

অগ্রণী ব্যাংকের যেকোন শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক পিএলসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম এ প্রদেয় আবেদনের ফি বাবদ ৳৪০০/- (চারশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং সাম্প্রতিককালের তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও কম্পিউটার প্রশিক্ষণ-সংক্রান্ত সকল সনদপত্র, জাতীয় পরিচয়পত্র এবং জন্মনিবন্ধন সনদপত্র/জাতীয়তা সনদপত্রের ০১ (এক) সেট সত্যায়িত ছায়ালিপি অবশ্যই মূল আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদন ফরম পূরণ করে প্রার্থী স্বহস্তে স্বাক্ষর করতে হবে। অন্যথায় আবেদন বাতিল বলে গণ্য হবে।

প্রার্থী তাঁর আবেদনে কোনো অর্জিত/চলমান শিক্ষাগত যোগ্যতা/প্রশিক্ষণ ইত্যাদি বিষয় গোপন করে থাকলে এবং পরবর্তীতে নিয়োগপ্রাপ্ত হলে এ সকল শিক্ষাগত যোগ্যতা তাঁর চাকুরি জীবনে কোনো পদোন্নতি/নিয়োগের ক্ষেত্রে গণনা করা হবে না।

কোন বিভাগ/ইনস্টিটিউট/হল/দপ্তরের পদের জন্য আবেদন করছেন তা অবশ্যই উল্লেখ করতে হবে। প্রত্যেক পদের জন্য আলাদাভাবে আবেদন জমা দিতে হবে। একটি আবেদনপত্রে একাধিক অফিস বা পদের নাম উল্লেখ করা যাবে না।

ফি ছাড়া, নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত অবেদন এবং উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোনো ব্যাংকের ড্রাফট/পে-অর্ডার গ্রহণ করা হবে না।

চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে, নিয়োগপ্রাপ্ত হলে যোগদানের সাথে ছাড়পত্র জমা দিতে হবে।

আবেদনকারীর সাথে অফিসিয়াল যোগাযোগের সুবিধার্থে পরিপূর্ণ ঠিকানা (ই-মেইলসহ) আবেদনপত্রে সুস্পষ্ঠভাবে উল্লেখ করতে হবে।

ক্রমিক-১, ৩, ১৫, ১৯, ২০, ২১ ও ২২ এ বর্ণিত পদসমূহে ইতোপূর্বে প্রচারিত সর্বশেষ বিজ্ঞপ্তির আলোকে যে সকল প্রার্থী আবেদন করেছেন তাঁদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

২১/১১/২০২৬

(মোঃ হাছান মিয়া)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

bekarsfeed bekarsfeed.com

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম

সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।

১১-১৬তম গ্রেডভুক্ত কর্মচারী (তৃতীয় শ্রেণি) নিয়োগের আবেদন ফরম

বিজ্ঞপ্তির সূত্র: ..... বিজ্ঞপ্তির তারিখ: .....

পদের নাম: ..... অফিস/অনুষদ/বিভাগ/ইনস্টিটিউট/হল: .....

১। প্রার্থীর নাম: ....
(বাংলায়) (ইংরেজি বড় হাতের অক্ষরে)

২। (ক) পিতা/স্বামীর নাম: .....

(খ) মাতার নাম: .....

৩। (ক) জন্ম তারিখ: ..... (খ) জাতীয়তা: .....

(গ) ধর্ম: ..... (ঘ) বৈবাহিক অবস্থা: .....

৪। **(ক) পূর্ণ স্থায়ী ঠিকানা:**

প্রযত্নে: .....

ফ্ল্যাট নম্বর: ..... বাড়ি নম্বর: ..... রোড নম্বর: .....

গ্রাম/মহল্লা: ..... ওয়ার্ড নম্বর: .....

ডাকঘর: .....

থানা/উপজেলা: ..... জেলা: .....

ই-মেইল: .....

(খ) যোগাযোগের ঠিকানা:

প্রযত্নে: .....

ফ্ল্যাট নম্বর: ..... বাড়ি নম্বর: ..... রোড নম্বর: .....

গ্রাম/মহল্লা: ..... ওয়ার্ড নম্বর: .....

ডাকঘর: .....

থানা/উপজেলা: ..... জেলা: .....

হোয়াটস্অ্যাপ নম্বর: .....

৫। (ক) জাতীয় পরিচয়পত্র নম্বর: ..... (খ) মোবাইল ফোন নম্বর: .....

৬। **অর্জিত/অধ্যয়নরত সকল শিক্ষাগত যোগ্যতার পূর্ণ বিবরণ** (অতীতে অর্জিত/অধ্যয়নরত কোনো শিক্ষাগত যোগ্যতা গোপন রাখা যাবে না):

(ক)

স্কুল/কলেজ/বিশ্ববিদ্যালয়ের নাম	উত্তীর্ণ পরীক্ষার নাম/বিভাগ	শ্রেণি/জিপিএ	পরীক্ষা পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়

(খ) কোনো কোর্সে অধ্যয়নরত/প্রশিক্ষণরত থাকলে তার বিবরণ :

অপর পৃষ্ঠায়.....

bekarsfeed bekarsfeed.com

৭। কোনো বিশেষ প্রতিষ্ঠানে কোনো কোর্স/প্রশিক্ষণ গ্রহণ করে থাকলে তার বিবরণ। :

৮। অভিজ্ঞতা (যদি থাকে) :

(ক) (i) বর্তমান পদবি :

(ii) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা :

(iii) যোগদানের তারিখ :

(iv) বর্তমান মূল বেতন এবং : টাকা
বেতন স্কেল : টাকা

(খ) 'ক' ব্যতীত পূর্ববর্তী চাকরির সময়কাল : বেতন স্কেল ও পদবি টাকা

(গ) মোট অভিজ্ঞতা (ক+খ) :

৯। কোনো নির্ধারিত সময়ের জন্য কোনো প্রতিষ্ঠানে/বিশ্ববিদ্যালয়ে/সংস্থায় চাকুরি করার জন্য অঙ্গীকারবদ্ধ আছেন কি না :

১০। মুক্তিযোদ্ধা কোটার বিবরণ (যদি থাকে) :

১১। **৪০০/- (চারশত)** টাকার ব্যাংক ড্রাফট নম্বর: ..... তারিখ: .....

ব্যাংকের নাম: ..... শাখা: .....

তারিখ: .....

.....
আবেদনকারীর স্বাক্ষর

কি: দ্র: (ক) আবেদন ফরমের সংশ্লিষ্ট কলামে স্থান সংকুলান না হলে প্রার্থী পৃথক কাগজে অতিরিক্ত তথ্যাবলি আবেদনের সঙ্গে সংযুক্ত করতে পারবেন। (খ) এক কপি আবেদন গ্রহণযোগ্য নয়। (গ) ফি (ব্যাংক ড্রাফট) ব্যতীত কিংবা নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিলযোগ্য। (ঘ) চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে, নিয়োগপ্রাপ্ত হলে যোগদানের সাথে ছাড়পত্র জমা দিতে হবে। (ঙ) শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও কম্পিউটার প্রশিক্ষণ-সংক্রান্ত সকল সনদপত্র, জাতীয় পরিচয়পত্র এবং জন্মনিবন্ধন সনদপত্র/জাতীয়তা সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি অবশ্যই মূল আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। (চ) প্রার্থী তাঁর আবেদনে কোনো অর্জিত/অধ্যয়নরত শিক্ষাগত যোগ্যতা/প্রশিক্ষণ ইত্যাদি বিষয় গোপন করে থাকলে এবং পরবর্তীতে নিয়োগপ্রাপ্ত হলে এ সকল শিক্ষাগত যোগ্যতা তাঁর চাকরি জীবনে কোনো পদোন্নতি/নিয়োগের ক্ষেত্রে গণনা করা হবে না। (ছ) আবেদনকারীর সাথে অফিসিয়াল যোগাযোগের সুবিধার্থে পরিপূর্ণ ঠিকানা (ই-মেইলসহ) আবেদনপত্রে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

bekarsfeed bekarsfeed.com